তারিখ ...28 SEP 1992
পৃষ্ঠা... ৮ ... কলাম ...৬...

আজকের কাগজ

167

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে ছাত্রলীগ (ম-ই) বিক্ষোভ সমাবেশ করবে

**কাগজ প্রতিবেদক :** বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই) আগামী বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে বিক্ষোভ সমাবেশ করবে। ওই দিনই প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্র-শিক্ষক মিলনায়তনে ছাত্র, শিক্ষক ও গবেষকদের মধ্যে পদক বিতরণ অনুষ্ঠানের আয়োজন করেছে। ছাত্রলীগের একজন নেতা অভিযোগ করেন যে, উপাচার্য ছাত্রদের মধ্যে উপদলের সৃষ্টি করে সন্ত্রাসকে উৎসাহিত করছে। তিনি জানান, তাদের বিক্ষোভ প্রধানমন্ত্রীর বিরুদ্ধে নয় বরং উপাচার্যের বিরুদ্ধে। তারা আরো অভিযোগ করেন যে, প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানোর আগে ভিসি ছাত্র নেতাদের সঙ্গে আলাপ-আলোচনা করেননি।

এদিকে উপাচার্য গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পত্রিকার সংবাদদাতাদের সঙ্গে আলোচনাকালে বলেন, আমরা ছাত্রদের মধ্যে কোনো সংকট দেখা দিলে ছাত্র নেতাদের সঙ্গে আলাপ করে থাকি কিন্তু প্রশাসনিক সিদ্ধান্তের বেলায় তো তা সম্ভব নয়। উপাচার্য সাংবাদিকদের সঙ্গে ক্যাম্পাস পরিস্থিতি নিয়ে মতবিনিময় করেন এবং আগামী পহেলা অক্টোবরের আয়োজন সফল করার আহবান জানান।

এদিকে দীর্ঘ প্রায় ২০ দিন ক্যাম্পাস শান্ত থাকার পর গত শনিবার রাত ১০টার দিকে জগন্নাথ হলের কাছাকাছি ৩ রাউন্ড গুলির শব্দ শোনা গেছে। গত ৪ সেপ্টেম্বর ছাত্রদলের বন্দুকযুদ্ধে দু'জন ছাত্র নিহত হওয়ার পর এই প্রথম গুলিবর্ষণের ঘটনা ঘটলো।